

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.১১৮.০২৬.০৬.১২/৪৩০/৪৪৪

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৩
১৬ মে ২০১৬

বিষয়: পিইডিপি ৩ এর আওতায় ২০১৫-১৬ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে টয়লেট মেরামত কার্য সম্পাদন।

সূত্র: প্রাশিঅ এর অর্থ বিভাগের পত্র নং-৩৮.১৫০.১৮০.০২৯.০৩.০০.১৭৪(১).২০১৫/২০৫১, তারিখ: ১০ মে ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রমিতে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি ৩) এর আওতায় উল্লিখিত ক্যাটাগরীতে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে টয়লেট মেরামত কার্য সম্পাদনের জন্য সূত্রোক্ত স্মারকে প্রতিটি বিদ্যালয়ে ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে। বিদ্যালয়ের তালিকা, প্রাগম এর পরিপত্র, অর্থ ছাড়ের জিও (সরকারি আদেশ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dpe.gov.bd) এ সংযুক্ত করা হয়েছে। বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়সমূহে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনপূর্বক টয়লেট মেরামত কার্য সম্পাদনের জন্য অনুরোধ করা হলো:

শর্তাবলী:

- উল্লিখিত ক্যাটাগরির কাজ এসএমসি কর্তৃক সম্পাদিতব্য। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পিইডিপি ৩ এর পরিপত্রের নির্দেশনা মোতাবেক মেরামত কাজ সম্পাদন করতে হবে (পরিপত্রের স্মারক নং-৩৮.০১৪.০১৪.০২.১০.১১৬.২০১২-৩০, তারিখ: ০৫ জুন ২০১৪ সংযুক্ত)।
- পরিপত্রের নির্দেশনা অনুযায়ী কাজ শুরু পূর্বে অবশ্যই উপজেলা প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী (এলজিইডি) কর্তৃক মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করত উপজেলা শিক্ষা কমিটির অনুমোদন নিয়ে মেরামত কাজ সম্পন্ন করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা প্রকৌশলী (এলজিইডি) বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এসএমসি-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- বরাদ্দকৃত অর্থে বিদ্যালয়ের টয়লেট মেরামত/ সংস্কার জন্য ব্যয় করতে হবে। নতুনভাবে নির্মিত ওয়াশরুম মেরামতের জন্য উক্ত অর্থ ব্যয় করা যাবে না।
- বিদ্যালয়ে মানসম্মত টয়লেট নিশ্চিতকরণের জন্য ছাড়কৃত অর্থের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে, স্থানীয় কমিউনিটি/এসএমসির আর্থিক সহযোগিতা গ্রহণ করা যাবে।
- নিরীক্ষা (অডিট) এর জন্য বিল/ভাউচার ও প্রাক্কলন এর কপি উপজেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে।
- বিদ্যালয়ের টয়লেট মেরামত প্রাক্কলন উপজেলা শিক্ষা কমিটিতে অনুমোদন গ্রহণ করতে হবে। অর্থ আবশ্যিকীভাবে ৩০ জুন ২০১৬ তারিখের মধ্যে ব্যয় করতে হবে।
- তাঁর উপজেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ে মেরামত কাজ সম্পন্নপূর্বক ১৫ জুলাই ২০১৬ তারিখে নিম্নোক্ত ছকে একটি প্রতিবেদন ই-মেইলে (kamruljam@gmail.com) প্রেরণ করতে হবে।

ক্র:	বিদ্যালয়ের নাম	প্রাক্কলন এলজিইডি সহায়তায় প্রস্তুত করা হয়েছে কি না (হ্যাঁ/না)	প্রাক্কলন শিক্ষা কমিটির অনুমোদন নেয়া হয়েছে কি না (হ্যাঁ/না)	প্রাক্কলনের সংক্ষিপ্ত বিবরণ	প্রাক্কলিত অর্থে মেরামত কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে কি না(হ্যাঁ/না)	মন্তব্য/ অগ্রগতি
১	২	৩	৪	৫	৬	৮

- অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের জিও নং-৩৮.১৫০.১৮০.০২৯.০৩.০০.১৭৪(১).২০১৫/২০৫১, তারিখ: ১০ মে ২০১৬ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। সৈসাথে ভ্যাট কর্তনসহ সরকারের সকল প্রচলিত আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।
- উক্ত টয়লেট মেরামত কার্যক্রমের অর্থ ব্যয়ের ক্ষেত্রে যথাযথ স্বচ্ছতা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে যে কোন ধরনের আর্থিক অনিয়মের জন্য ডিডিও দায়ী থাকবেন।

১০. সংশ্লিষ্ট পত্রের কপি সকল প্রধান শিক্ষককে আবশ্যিকভাবে বিতরণ করতে হবে। এক্ষেত্রে কোন ধরনের অবহেলা গ্রহণযোগ্য হবে না।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে অর্থ ছাড়ের জিও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের DPE Accounting System-এ আপলোড করা হয়েছে।

উল্লিখিত নির্দেশনা অনুসরণে পিইডিপি ৩ আওতায় ২০১৫-১৬ অর্থবছরে নির্বাচিত ১০,২১১টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে চলতি অর্থ বছরেই টয়লেট মেরামত কার্য সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- সংযুক্তি: ১) বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ও প্রাগম এর পরিপত্র।
২) অর্থ ছাড়ের জিও।



(মোঃ আজিজুল হক)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ৫৫০৭৪৯৩৮

উপজেলা/ থানা শিক্ষা কর্মকর্তা

উপজেলা/ থানা----- জেলা-----।

স্মারক নং- ৩৮.০০.০০০০.১১৮.০২৬.০৬.১২/ ৪২০/৪৪৪ (৩৪০৭)

তারিখ: ৫২ বৈশাখ ১৪২৩
১৮ এপ্রিল ২০১৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
(তঁার আওতাধীন উপজেলা প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলীগণকে বিদ্যালয়ের টয়লেট মেরামতের প্রাক্কলন প্রস্তুতে প্রধান শিক্ষক ও এসএমসি সভাপতিদের প্রয়োজনীয় সহায়তার অনুরোধসহ)
- ৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ-----।
(তঁার আওতাধীন জেলায় টয়লেট মেরামতের বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ও পরিপত্রসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও মেরামত কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল), জেলা -----।
(তঁার আওতাধীন উপজেলায় টয়লেট মেরামতের বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ও পরিপত্রসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও মেরামত কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)
- ৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা/ থানা----- জেলা-----।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা/ থানা----- জেলা-----।
- ৮। উপজেলা/ থানা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা/ থানা----- জেলা-----।
- ৯। সংরক্ষণ নথি।

(কামরুল ইসলাম)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)